# এইসএস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র | বিষয় কোড: ২৯৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ আজাদ একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তবে নতুন সেমিস্টারে ভর্তির জন্য টিউশন ফি প্রদান করতে হবে। তার গ্রামে কয়েকজন মহাজন অছেন যারা উচ্চসুদে ঋণ দিয়ে থাকে। তার বাবা তাদের কাছ থেকে টাকা সংগ্রহ করতে বলে। কিন্তু আজাদ তার গ্রামের একটি ব্যাংকে গেল তার টিউশন ফি পরিশোধের টাকা সংগ্রহের জন্য ঋণ নিতে।

ক. ব্যাংক কী? ১

খ. ব্যাসেল-২ বলতে কী বুঝ? ২

গ. আজাদ ব্যাংক থেকে কোন ধরনের ঋণ পাবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মহাজনের পরিবর্তে আজাদের ব্যাংক থেকে ঋণ নেয়ার সিদ্ধান্ত কি সঠিক ছিল? ব্যাখ্যা কর। ৪

২. ▶ জনাব জাবের টয়োটা গাড়ির ডিলার। তিনি জাপান থেকে গাড়ি আমদানি করেন। তার এবি ব্যাংক লি: এর চলতি হিসাব এবং এনসিসি ব্যাংক লি: এ সঞ্চয়ী হিসাব আছে। বৈদেশিক বাণিজ্যে তিনি তার ব্যাংক দুটি থেকে সহায়তা পেয়ে থাকেন। জনাব জাবের যদি মূল্য পরিশোধ করতে না পারেন তবে এবি ব্যাংক লি: মূল্য পরিশোধের নিশ্চয়তা দেয়। এবি ব্যাংক গুদাম ভাড়া এবং অন্যান্য অগ্রীম খরচ পরিশোধেরও নিশ্চয়তা প্রদান করে।

ক. বাণিজ্যিক ব্যাংক কী? ১

খ. বাণিজ্যিক ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২

গ. টয়োটা লি: এর টাকা পরিশোধের নিশ্চয়তার জন্য এবি ব্যাংক লি: কোন ধরনের দলিল ইস্যু করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বৈদেশিক বাণিজ্যে কোন ব্যাংকই যদি মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রদান না করত তবে কোন কোন ধরনের সমস্যা সৃষ্টি হতে পারে? ৪

৩. ▶ বর্তমান বাণিজ্যিক ব্যাংকগুলোতে অতিরিক্ত তহবিল জমা আছে। সম্প্রতি রাজনৈতিক বিশৃঙ্খলার কারণে বৈদেশিক এবং স্থানীয় বিনিয়োগ কমেছে। তাই

http://teachingbd.com

বাংলাদেশ ব্যাংক কিছু পদক্ষেপ গ্রহণ করেছে যাতে করে বৈদেশিক ও স্থানীয় বিনিয়োগ বাড়ে। উক্ত পদক্ষেপসমূহের ফলে বাণিজ্যিক ব্যাংকগুলোও উৎপাদনশীল খাতে বেশি ঋণ প্রদান করছে।

ক. কেন্দ্রীয় ব্যাংক কী? ১

খ. কেন্দ্রীয় ব্যাংককে কেন মুদ্রাবাজারের অভিভাবক বলা হয়? ২

গ. উদ্দীপকে সৃষ্ট পরিস্থিতিতে ঋণ নিয়ন্ত্রণ কেন প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থনীতিতে ঋণ প্রবাহ বৃদ্ধি করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন পদক্ষেপসমূহ গৃহীত হয়েছিল? ব্যাখ্যা কর। ৪

৪. ▶ জনাব আফিসের সোনালী ব্যাংক লি: এ একটি সঞ্চয়ী হিসাব ছিল। তিনি একটি মনিহারী ব্যবসায় শুরু করেন এবং তার সঞ্চয়ী হিসাবকে তিনি ব্যবসায়ের উদ্দেশ্যে ব্যবহার করতেন। কিছুদিন পর তিনি তার সঞ্চয়ী হিসাবের মাধ্যমে ব্যবসায় কার্যক্রম পরিচালনা করতে কিছু অসুবিধার সম্মুখীন হলেন। তিনি ব্যাংক ব্যবস্থাপককে তার সমস্যার কথা জানালেন। ব্যাংক ব্যবস্থাপক তাকে চলতি হিসাব খোলার পরামর্শ দিলেন।

ক. নমুনা স্বাক্ষর কার্ড কী? ১

খ. KYC ফর্ম কেন গুরুত্বপূর্ণ? ২

গ. সঞ্চয়ী হিসাব থেকে তিনি কোন সুবিধা পেতে চেয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন জনাব আসিফ চলতি হিসাব খুলেছিলেন? যুক্তি দাও। ৪

৫. ▶ জনাব সায়হাম একটি নতুন বাইসাইকেল শিল্প স্থাপন করেছেন। শুরুতে তিনি তার নিজস্ব তহবিল ব্যবসায়ে নিয়োজিত করেন। পরবর্তীতে তিনি ব্যাংক থেকে ঋণ নেওয়া প্রয়োজনীয়তা উপলব্ধি করলেন যাতে করে তিনি তার কারখানায় আরো নতুন যন্ত্রপাতি স্থাপন করতে পারেন। তিনি গাজীপুরের একটি ব্যাংকে গেলেন যার ব্যবস্থাপক তার বন্ধু। ব্যাংকের ব্যবস্থাপক তাকে ঋণদানের ব্যবস্থা করে দিলেন। কিন্তু কয়েক বছর পর তিনি ঋণের কিস্তি পরিশোধ করতে সমস্যায় পড়লেন।

ক. ব্যাংক ড্রাফট কী? ১

খ. ব্যাংকে নিজস্ব তহবিলের উৎসগুলো কী? ২

গ. মেয়াদের ভিত্তিতে জনাব সায়হাম কোন ধরনের ঋণ নিয়েছিলেন? ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. জনাব সায়হামকে ঋণ দেয়ার ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থাপক কোন কোন বিষয় সমূহ উপেক্ষা করেছিলেন? ৪

৬.▶XYZ Bank Ltd. কয়েক বছর আগে কয়েকটি আধুনিক ইলেক্ট্রনিক ব্যাংকিং সুবিধার প্রচলন করেছে, যেমন: ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, এটিএম, হোম ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং ইত্যাদি। তাদের সুবিধাজনক সেবার কারণে গ্রাহক সংখ্যা দ্রুত বৃদ্ধি পেতে থাকে। বিদ্যমান অন্যান্য ব্যাংকসমূহ ও গতিশীল ও অত্যাধুনিক সেবা প্রদানের জন্য চিন্তাভাবনা করছে যাতে তাদের গ্রাহক সংখ্যাও বৃদ্ধি পায়।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১

খ. অনলাইন ব্যাংকিং বলতে কী বুঝ? ২

গ. XYZ Bank Ltd. এর গ্রাহকেরা কী ধরনের সুবিধা ভোগ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. অন্যান্য ব্যাংকেরও কি XYZ Bank Ltd. এর মত আধুনিক সেবা প্রদান করা সম্ভব? যুক্তি দেখাও। ৪

৭.▶জনাব ফারহান বিগত ৫ বছর যাবত সফলতার সাথে ব্যবসায় পরিচালনা করে আসছিল। নিকটবর্তী এলাকায় কয়েকটি অগ্নিকান্ডের ঘটনা ঘটায় এবং চোর, ডাকাতদের উপদ্রব বেড়ে যাওয়ায় তিনি চিন্তিত হয়ে পড়েন এবং একজন বন্ধুর সাথে পরামর্শ করে প্রভাতী ইন্সুরেন্স লি: এ একটি ৫০,০০,০০০ টাকা মূল্যের বিমাপত্রের আবেদন করেন। জনাব ফারহান ব্যবসায় সংশ্লিষ্ট সকল কাগজপত্র ও তথ্য বিমাকারীকে প্রদান করেন, এমন কি তার প্রতিষ্ঠানের মালিকানা সংক্রান্ত পূর্ববর্তী কিছু জটিলতার বিষয়টিও অবগত করেন যা ইতিমধ্যে নিরসন হয়েছে। সব কিছু বিবেচনা করে প্রভাতী ইন্সুরেন্স লি: বিমাচুক্তির সম্পাদন করে।

ক. সাধারণ বিমা কী? ১

খ. 'বিমা হলো ক্ষতিপূরণের চুক্তি' — ব্যাখ্যা কর। ২

গ. জনাব ফারহান কোন ধরনের ঝুঁকি বিবেচনা করে বিমাপত্র গ্রহণ করতে চাচ্ছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমাচুক্তি সম্পাদনের ক্ষেত্রে জনাব ফারহানের ব্যবসায় সংক্রান্ত সকল তথ্য প্রকাশ কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর?— মতামত দাও। ৪

Teachingbd.com

৮. ▶ জনাব আকাশ একজন চাকুরিজীবী এবং তার পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি। ইস্টার্ন লাইফ ইন্সুরেন্স লি. থেকে তিনি ১৯৯০ সালে ১৫ বছর মেয়াদি, ২০ লক্ষ টাকা মূল্যের একটি জীবন বিমাপত্র গ্রহণ করেন। বিমাপত্রের মেয়াদ ১৫ বছর সম্পূর্ণ হবার পরও জনাব আকাশ বিমাকারীদের প্রিমিয়াম প্রদান করতে থাকেন। ২০১০ সালে জনাব আকাশ বিমাপত্রের উল্লিখিত একটি কারণে মৃত্যুবরণ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সঠিকভাবে প্রিমিয়াম প্রদান করেছেন। তার উত্তরাধিকারী হিসেবে স্ত্রী ও দুই সন্তান রয়েছে। জনাব আকাশের স্ত্রী বিমাদাবি পেশ করলে বিমা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা উত্তরাধিকারী সনদপত্রসহ আবেদনপত্র জমা দেওয়ার পরামর্শ দেয়।

ক. মৃত্যুহার পঞ্জী কী? ১

খ. বিমা যোগ্য স্বার্থ কে সংরক্ষণ করেন? ২

গ. জনাব আকাশ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমাকারী কর্মকর্তা কর্তৃক উত্তরাধিকারী সনদপত্র প্রদানের পরামর্শের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৯. ▶ শাবাব এন্ড কোং মালয়েশিয়া থেকে ২ কোটি টাকা মূল্যের যন্ত্রপাতি আমদানির জন্য জাহাজ কোম্পানির সাথে চুক্তি করে। জাহাজে পরিবাহিত পণ্যের সম্ভাব্য ঝুঁকি এড়াতে জাহাজ মালিক একটি বিমা কোম্পানির সাথে ২০ কোটি টাকা মূল্যের একটি বিমাপত্র গ্রহণ করে। মালয়েশিয়া বন্দর থেকে জাহাজটি ছেড়ে আসার পর মাঝ পথে সামুদ্রিক ঝড়ের কবলে পড়লে জাহাজটি নির্দিষ্ট পথ পরিবর্তন করে, তবে বিপদ থেকে রক্ষা পায় না এবং সম্পূর্ণভাবে সমুদ্র গর্ভে ডুবে যায়। পরবর্তীতে জাহাজ মালিক বিমা দাবি করলে বিমাকারী প্রতিষ্ঠান তা পরিশোধে অসম্মতি জানায়।

ক. পণ্য নিক্ষেপণ কী? ১

খ. ভাসমান বিমাপত্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জাহাজটি কোন ধরনের সামুদ্রিক ক্ষতির সম্মুখীন হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিমাকারী কর্তৃক বিমাদাবি পরিশোধে অসম্মতি জানানোর যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　　পূর্ণমান — ৪০　　　বিষয় কোড: ২ ৯ ৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিশ্বের প্রথম সরকারী ব্যাংক কোনটি?
ক) ব্যাংক অব ইংল্যান্ড　খ) শাস্তি ব্যাংক
গ) ব্যাংক অব ভেনিস　ঘ) ব্যাংক অব বার্সিলোনা

২. নিকাশ ঘরের প্রধান কাজ হলো —
ক) ঋণনিয়ন্ত্রন　খ) মূলধন বাজার নিয়ন্ত্রন
গ) নোট ইস্যু　ঘ) আন্তঃব্যাংকিং লেনদেন পদ্ধতি

৩. নিচের কোন বিমাটি সাধারণ বিমার অন্তর্ভুক্ত?
ক) স্বাস্থ্য　খ) শিক্ষা
গ) গোষ্ঠী　ঘ) শস্য

৪. হুকুম চেকের টাকা উত্তোলন করতে পারে—
i. প্রাপক　ii. ধারক
iii. অনুমোদন বলে প্রাপক
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৫. নিচের কোনটি অবাণিজ্যিক ঋণের দলিল?
ক) ব্যাংকের আজ্ঞাপত্র　খ) পে-অর্ডার
গ) ভ্যাম্যমান নোট　ঘ) অঙ্গীকারপত্র

৬. কোন বিমাচুক্তিকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?
ক) জীবন　খ) নৌ
গ) অগ্নি　ঘ) মোটর যান

৭. যে হিসাবের ক্ষেত্রে Debit Card ব্যবহার করে অর্থ উত্তোলন করা যায় তা হলো —
i. স্থায়ী হিসাব　ii. সঞ্চয়ী হিসাব
iii. চলতি হিসাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৮. কোন বিমার সাথে চার্টার পার্টি সম্পর্কিত?
ক) নৌ　খ) অগ্নি　গ) জীবন　ঘ) দুর্ঘটনা

**উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
আহনাফ সাহেব একজন শিল্পপতি। তার একটি স্টীল মিল রয়েছে। তিনি পূর্বাশা ব্যাংকে ২ কোটি টাকার ঋণের আবেদন করলে ব্যাংক উক্ত ঋণের বিপরীতে স্থায় সম্পত্তি জামানত চায় যার সম্পূর্ণ দখল ব্যাংকের নিকট থাকবে। উক্ত ব্যাংক আহনাফ সাহেবের নামে একটি ঋণ হিসাব খুলে মঞ্জুরীকৃত ঋণের সমুদয় অর্থ সেখানে হস্তান্তর করে।

৯. আহনাফ সাহেব কোন ধরনের ঋণ গ্রহণ করেছেন?
ক) নগদ ঋণ　খ) সাধারণ ঋণ
গ) জমাতিরিক্ত ঋণ　ঘ) তলবি ঋণ

১০. ব্যাংক ঋণের বিপরীতে কোন ধরনের জামানত গ্রহণ করে?
ক) পূর্বসত্ত্ব　খ) পণ্য বন্ধক
গ) স্থাবর সম্পত্তি বন্ধক　ঘ) অবস্থাবর সম্পত্তি বন্ধক

১১. একই বিমাপত্রের আওতায় বিভিন্ন স্থানে সংরক্ষিত পণ্য দ্রব্যের জন্য বিমা করা কোন ধরনের অগ্নি বিমাপত্রের আওতায় পড়ে?
ক) সমন্বিত　খ) ভাসমান
গ) উদ্বৃত্ত　ঘ) গড়পড়তা

১২. জীবন বিমার হার নির্ধারণের বিবেচ্য বিষয় —
i. বিমা গ্রহীতার বয়স
ii. বিমা গ্রহীতার সামাজিক মর্যাদা
iii. বিমাপত্রের মূল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৩. ক্রয় ক্ষমতার সমতা তত্ত্বের প্রবর্তক —
ক) আর.এস. বার্স　খ) আর.পি.কেন্ট
গ) গুস্তাভ ক্যাসেল　ঘ) জে.এস. কীনস

১৪. বাংলাদেশের মুদ্রা বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম কী?
ক) বাংলাদেশ ব্যাংক　খ) বিএসইসি
গ) সিডিবিএল　ঘ) ঢাকা ব্যাংক

১৫. দাগকাটা চেকের দাগ বাতিল করতে পারে —
ক) আদিষ্ট　খ) প্রাপক
গ) অনুমোদন বলে প্রাপক　ঘ) আদেষ্টা

১৬. বাণিজ্যিক ব্যাংক কিভাবে তারল্য সংকট মোকবেলা করে?
ক) বিল পূণঃবাট্টা করে　খ) সুদের হার কমিয়ে
গ) ঋণদান বন্ধ করে　ঘ) আমানত গ্রহণ করে

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**
বি.এস.আর শপিং কর্পোরেশন ১ বছরের জন্য ঢাকা থেকে সিঙ্গাপুরগামী জাহাজের জন্য ৫ কোটি টাকা মূল্যের বিমাপত্র গ্রহণ করে। নির্দিষ্ট যাত্রাকালে জাহাজটি ঝড়ের কবলে পড়লে তা হালকা করার উদ্দেশ্যে ২০ লক্ষ টাকা মূল্যের পণ্য সমুদ্রে ফেলে দেয়া হয়।

১৭. জাহাজ হালকা করার জন্য পণ্য সমুদ্রে ফেলে দেয়াকে কী বলে?
ক) গচ্চা　খ) পণ্য নিক্ষেপণ
গ) আনুষাঙ্গিক ক্ষতি　ঘ) সামগ্রিক ক্ষতি

১৮. বি. এস. আর কর্পোরেশন কোন ধরনের নৌ বিমাপত্র গ্রহণ করেছে?
ক) সমুদ্র যাত্রার　খ) সময়
গ) মিশ্র　ঘ) ভাসমান

১৯. সরকারি নোটের বৈশিষ্ট্য হলো —
i. বিহিত মুদ্রা　ii. রূপান্তর মুদ্রা
iii. সীমিত ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

২০. নমুন স্বাক্ষর কার্ডে গ্রাহককে কয়টি স্বাক্ষর প্রদান করতে হয়?
ক) ১　খ) ২　গ) ৩　ঘ) ৪

২১. যে পত্রের মাধ্যমে কোন ব্যক্তি অপর কোন ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের অঙ্গীকার করে তাকে কী বলে?
ক) ব্যাংকের আজ্ঞাপত্র　খ) প্রতিজ্ঞাপত্র
গ) পে-অর্ডার　ঘ) প্রত্যয়পত্র

http://teachingbd.com

২২. নিম্নের কোনটি বিশেষায়িত ব্যাংকের বৈশিষ্ট্য?
ক) এটি সরকারের বিশেষ তত্ত্বধানে পরিচালিত
খ) বিশেষ আইন ও অধ্যাদেশ বলে গঠিত
গ) বিশেষ উদ্দেশ্যে গঠিত
ঘ) সরকারি ব্যাংক

২৩. SLR-এর পূর্ণরূপ কী?
ক) Statutory Liquidity Ratio
খ) Statutory Liquidity Reverse
গ) Statutory Liquidity Requirement
ঘ) Statutory Liquidity Rate

২৪. দুর্ঘটনা বিমায় নিম্নের কোনটি দায় বিমার আওতাভুক্ত?
ক) দুর্ঘটনাজনিত মৃত্যু খ) পেশাগত ক্ষতিপূরণ
গ) দুর্ঘটনাজনিত অক্ষমতা ঘ) দুর্ঘটনা

২৫. বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যুকৃত দলিল —
i. প্রত্যয়পত্র ii. ব্যাংকের আজ্ঞাপত্র
iii. ট্রেজারি বিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. জীবন বিমা কোম্পানি তার অর্জিত মুনাফার যে অংশ বিমা গ্রহীতাদের মধ্যে অতিরিক্ত পাওনা হিসেবে বণ্টন করে তাকে কী বলে?
ক) অবসর বৃত্তি খ) সাময়িক বৃত্তি
গ) বার্ষিক বৃত্তি ঘ) বোনাস

২৭. অগ্নিবিমা চুক্তি সম্পাদনের জন্য চারিত্রিক সনদ কেন প্রয়োজন?
ক) ব্যক্তিগত দায় অনুধাবন
খ) ব্যবসায় সম্পর্কে ধারণা
গ) ভবিষ্যৎ অনুধাবন ঘ) নৈতিক ঝুঁকি এড়াতে

উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
একটি দেশের কেন্দ্রীয় ব্যাংক ঐ দেশের অর্থ বাজারকে স্থিতীশীল করার উদ্দেশ্যে কিছু ট্রেজারি বিল ইস্যু করে। পাশাপাশি সকল বিদেশী ব্যাংকের সাথে সুসম্পর্ক বজায় রেখে সার্বিক কার্যক্রম পরিচালনা করছে।

২৮. কেন্দ্রীয় ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণের কোন নীতি অনুসরণ করেছে?
ক) ব্যাংক হার খ) খোলা বাজার
গ) রিজার্ভ পরিবর্তন ঘ) ঋণের রেশনিং

২৯. বিদেশী ব্যাংকের সাথে সম্পর্ক বজায় রাখার উদ্দেশ্য—
i. বৈদেশিক বাণিজ্যের উন্নয়ন
ii. বৈদেশিক মুদ্রার সংরক্ষণ বৃদ্ধি
iii. ঋণ নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. MICR-এর পূর্ণরূপ কী?
ক) Magnetic Ink Character Registration
খ) Magnetic Ink Cheque Resolution
গ) Magnetic Ink Cheque Recognition
ঘ) Magnetic Ink Character Recognition

৩১. নিচের কোনটি সরকারি ব্যাংক?
ক) এবি খ) সিটি গ) জনতা ঘ) পূবালী

৩২. মিসেস রম্না জীবন বিমা চুক্তি সম্পাদনকালে কম প্রিমিয়াম প্রদানের উদ্দেশ্যে তার বয়স ২ বছর কম উল্লেখ করেছেন। এ ক্ষেত্রে তিনি বিমার কোন নীতি ভঙ্গ করেছেন?
ক) বিমাযোগ্য স্বার্থ খ) পরম বিশ্বাস
গ) প্রত্যক্ষ কারণ ঘ) স্থলাভিষিক্ততা

৩৩. বাণিজ্যিক ব্যাংক কার অনুকূলে প্রত্যয়পত্র ইস্যু করে?
ক) রপ্তানিকারক খ) আমদানিকারক
গ) কেন্দ্রীয় ব্যাংক ঘ) সরকার

৩৪. চেকের মর্যাদা হতে পারে —
i. স্বাক্ষর অস্পষ্ট হলে
ii. কয়েকদিন পূর্বের তারিখ উল্লেখ থাকলে
iii. হিসাবে অপর্যাপ্ত অর্থ থাকলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৫. জনাব আরহামের রূপতলী ব্যাংকে একলক্ষ টাকার একটি স্থায়ী হিসাব খোলা আছে। সে বর্তমানে উক্ত ব্যাংক থেকে তার স্থায়ী হিসাবের বিপরীতে ৫০ হাজার টাকা ঋণ নিতে চায়। এক্ষেত্রে কোন ধরনের জামানতের ভিত্তিতে ঋণ নেওয়া হয়েছে?
ক) পণ্য বন্ধক খ) স্থাবর সম্পত্তি
গ) পূর্বস্বত্ব ঘ) অস্থাবর সম্পত্তি বন্ধক

৩৬. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংকিং ব্যবস্থায় অধিক উপযোগী?
ক) একক খ) শাখা
গ) গ্রুপ ঘ) চেইন

উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব রোকন তার ব্যবসায় সম্প্রসারণের জন্য অরনী ব্যাংক লি. এ ২০ লক্ষ টাকার একটি ঋণের আবেদন করলে ব্যাংক মঞ্জুরীকৃত ঋণের সমুদয় অর্থ জনাব রোকনের চলতি হিসাব স্থানান্তর করে। হিসাবটি অনেক বছর পূর্বে খোলা হয়েছিল বলে তা নবায়নের জন্য একটি নুতন ফরম পূরণ করে জমা দেয়ার নির্দেশ দেয়।

৩৭. মঞ্জুরীকৃত ঋণের অর্থ চলতি হিসাবে প্রদানের ফলে —
ক) জামানত তৈরি হয়েছে
খ) ব্যাংকের সুদের হার কমেছে
গ) ব্যাংকের সুদের হার বেড়েছে
ঘ) ঋণ আমানত সৃষ্টি হয়েছে

৩৮. চলতি হিসাব নবায়নের কারণ —
i. গ্রাহক সম্পর্কিত পরিবর্তিত তথ্য সংগ্রহ
ii. প্রতারণা ও জালিয়াতি রোধ
iii. নতুন হিসাব খোলা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৯. বিমা চুক্তির বিশেষ উপাদান —
ক) প্রস্তাব খ) একাধিক
গ) বিমাযোগ্য স্বার্থ ঘ) স্বীকৃতি

৪০. বিমাকারী দাবি পরিশোধের পদক্ষেপ নেয় কোনটির উপর ভিত্তি করে?
ক) তদন্ত রিপোর্ট খ) আবেদন পত্র
গ) ওয়ারেন্টি ঘ) নোটিশ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ |
| | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ঘ | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | ক |

http://teachingbd.com